



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/২৪৯/ঢাকা/২৮২৫

তারিখ : ১৪/০৯/২০২০

বিষয় : প্রধান শিক্ষক জনাব মোঃ আবদুল লতিফ-কে প্রধান শিক্ষকের পদ হতে অব্যহতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : (১) তদন্ত কমিটির ১৮/০৮/২০২০ তারিখের প্রদত্ত প্রতিবেদনের সুপারিশ।

(২) উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা-এর ১৫/০৯/২০১৯ তারিখের প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে তদন্তে প্রতীয়মান হয়,

(১) বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ আবদুল লতিফ-এর বিরুদ্ধে যে অনৈতিক ভিডিও ক্লিপটি পাওয়া গেছে তাতে সত্যতা প্রমাণিত হয়েছে। একজন প্রধান শিক্ষক যদি কোন অনৈতিক কাজে জড়িয়ে যান এবং সেটি যদি ভিডিও হয়, তাহলে প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়াসহ শিক্ষার্থীদের নিরাপত্তা বিঘ্নিত হওয়াটা স্বাভাবিক। ফলে উক্ত প্রধান শিক্ষক জনাব মোঃ আবদুল লতিফ প্রতিষ্ঠান প্রধান হিসেবে থাকা যুক্তিসঙ্গত নহে।

(২) প্রাপ্ত প্রতিবেদনে আরো উল্লেখ্য যে, জনাব মোঃ আবদুল লতিফ একই সময়ে বিধিবিহীনভাবে ভিন্ন ভিন্ন ০২ (দুই)টি শিক্ষা প্রতিষ্ঠানে (কলেজ এবং স্কুল) প্রতিষ্ঠান প্রধান হিসেবে চাকুরী করে আসছেন যা উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রেরিত প্রতিবেদনেও প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, প্রধান শিক্ষক জনাব মোঃ আবদুল লতিফ-কে প্রধান শিক্ষকের পদ থেকে অব্যহতিসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা

প্রাপক : (১) সভাপতি

আবুল হাশেম ফাউন্ডেশন  
ইউনিক, বাইপাইল, আশুলিয়া, সাভার, জেলা- ঢাকা।

(২) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)


টাঙ্গাইল রেসিডেন্সিয়াল স্কুল  
পোঃ- আলীয়া মাদ্রাসা, উপজেলা- সাভার, জেলা- ঢাকা।

মেমো নং- ২৮২৫(৮)

তারিখ : ১৪/০৯/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাভার থানা।
- ৭। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।

  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

